অস্ট্রেলিয়ায় প্রবেশ করা

অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে নীচের ধাপগুলো অনুসরণ করুন।

ধাপ 1 - আপনার ভিসার শর্তাবলী পরীক্ষা করুন

ভিসা ছাড়া অস্ট্রেলিয়া ভ্রমণের চেষ্টা করবেন না। আপনি ভিসা অপশন অন্বেষণ করার জন্য আমাদের ভিসা ফাইন্ডার ব্যবহার করতে পারেন।

এছাড়াও আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য আবেদন করতে এবং ভ্রমণের অব্যাহতির অনুমতি নিতে হতে পারে। (নিচের ধাপ 3 দেখুন)।

ধাপ 2 - আপনার টিকার শর্তাবলী পরীক্ষা করুন

অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য আপনাকে কী করতে হবে তা আপনার টিকা গ্রহণের স্ট্যাটাস নির্ধারণ করবে।

আপনি অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে টিকা গ্রহণের শর্তাবলী পূরণ না করলে আরও কিছু বিষয় বিবেচনা করতে হবে। নিচের ধাপগুলো অনুসরণ করুন।

স্বাস্থ্যগত কারণে আপনাকে টিকা দেওয়া না গেলে আপনি টিকাপ্রাপ্ত যাত্রীদের মতো একই ব্যবস্থার সুযোগ গ্রহণ করতে পারবেন। আপনাকে অবশ্যই গ্রহণযোগ্য চিকিৎসাগত প্রমাণ প্রদান করতে হবে। দেখুন: টিকা গ্রহণ এবং পরীক্ষা করা।

ভিসা রয়েছে অস্ট্রেলিয়ায় আসা এমন ব্যক্তিদের ভিসা বাতিল করা হতে পারে এবং আটক করে অপসারণ করা হতে পারে যদি তারা:

- **অস্ট্রেলিয়ার সীমান্তে প্রবেশের শর্তাবলী অনুযায়ী আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত না হয়; বা**
- **অস্ট্রেলিয়ান সরকার কর্তৃক সংজ্ঞায়িত কোনো COVID-19 ভ্যাকসিনের বিপরীতে কোনো প্রতিলক্ষণ (Contraindication) না থাকে; বা**
- **কোনো *অব্যাহতিপ্রাপ্ত শ্রেণির* মধ্যে না পড়ে বা কোনো ব্যক্তিগত ভ্রমণ অব্যাহতি থাকে।**

ধাপ 3 - ভ্রমণ অব্যাহতির জন্য আবেদন করুন

আপনি অস্ট্রেলিয়ার টিকা গ্রহণের শর্তাবলী পূরণ না করলে অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য আপনাকে **এছাড়াও** ভ্রমণ অব্যাহতির জন্য আবেদন করতে হতে পারে।

আরও তথ্য ও কিভাবে আবেদন করতে হয় তার জন্য দেখুন অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য অব্যাহতি প্রক্রিয়া।

ধাপ 4 - স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী পরীক্ষা করুন

আপনি আপনার ফ্লাইট বুক করার পূর্বে স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী পরীক্ষা করুন। এর মধ্যে বর্ডার এন্ট্রি রেজিস্ট্রেশন ফর্ম বা কোয়ারেন্টিন অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনি ট্রানজিট ও ভ্রমণ করবেন এমন সকল স্টেট ও টেরিটরি পরীক্ষা করুন। শর্তাবলী স্বল্প সময়ের নোটিশে পরিবর্তিত হতে পারে। **আপনাকে কোয়ারেন্টিনে যেতে হতে পারে**।

আপনার উপর প্রযোজ্য ভ্রমণ নিষেধাজ্ঞা এবং প্রয়োজনীয়তা মেনে চলা আপনার দায়িত্ব। পালন না করলে আপনাকে কারাদণ্ড এবং উল্লেখযোগ্য জরিমানাসহ গুরুতর শাস্তি হতে প্রদান করা হতে পারে, দেখুন: আগমনের ব্যাপারে স্টেট ও টেরিটরির শর্তাবলী।

ধাপ 5 - অগ্রিম পরিকল্পনা করুন

আপনার ভ্রমণ বিলম্বিত এবং বাধাগ্রস্থ হলে আপনি কী করবেন তা বিবেচনা করুন।

এয়ারলাইন্সের নির্দিষ্ট শর্তাবলীও থাকতে পারে যা আপনাকে পূরণ করতে হবে। **টিকাবিহীন ভ্রমণকারীরা আগত যাত্রীদের সীমার অধীনস্ত এবং তাদেরকে স্টেট ও টেরিটরির আগমনের শর্তাবলী পূরণ করতে হবে**।

প্রাসঙ্গিক হলে আপনাকে অস্ট্রেলিয়া ত্যাগের জন্য কী করতে হবে তা পরীক্ষা করুন।

ধাপ 6 - আপনার ভ্রমণের বুকিং করুন

ধাপ 7 - আপনার ডিজিটাল যাত্রী ঘোষণা সম্পূর্ণ করুন

আপনি আপনার ফ্লাইটের সাত দিন আগে আপনার ডিজিটাল যাত্রী ঘোষণা (DPD) শুরু করতে পারেন এবং অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে যাত্রার 72 ঘণ্টার মধ্যে জমা দিতে পারেন।

DPD সংকটপূর্ণ স্বাস্থ্য বিষয়ক তথ্য চায়। এই তথ্য প্রদান একটি বাধ্যতামূলক শর্ত। এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আপনি বিমানবন্দরে বা অস্ট্রেলিয়ায় পৌঁছালে অপ্রয়োজনীয় বিলম্বের মুখোমুখি হচ্ছেন না। আরও তথ্যের জন্য দেখুন: DPD।

ধাপ 8 - প্রস্থানের পূর্বে একটি COVID-19-এর পরীক্ষা করুন

এয়ারলাইন কর্মীদের কাছে আপনাকে সাম্প্রতিক একটি নেগেটিভ COVID-19 পরীক্ষার প্রমাণ দেখাতে হবে।

আপনার কোন পরীক্ষা প্রয়োজন এবং কখন পরীক্ষা দিতে হবে সে সম্পর্কে আরও তথ্যের জন্য,টিকা গ্রহণ ও পরীক্ষা করা দেখুন।

ধাপ 9 - বিমানবন্দরের জন্য আপনার ডকুমেন্ট প্রস্তুত করুন

আপনার ফ্লাইটের জন্য চেক-ইন করলে এয়ারলাইন কর্মীরা আপনাকে যা যা দেখাতে বলবে:

- পাসপোর্ট
- ভিসা
- ভ্রমণ অব্যাহতির অনুমোদন, প্রয়োজন হলে
- COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফল
- সম্পূর্ণ করা DPD।

ধাপ 10 - অস্ট্রেলিয়ায় প্রবেশের শর্তাবলী পূরণ করুন

এর মধ্যে রয়েছে অভিবাসন, কাস্টমস এবং বায়োসিকিউরিটি অনুমতিপত্র। আরও তথ্যের জন্য সীমান্ত অতিক্রম করা দেখুন।

ধাপ 11 - স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী পূরণ করুন

অস্ট্রেলিয়ায় পৌঁছানোর পরে অধিকাংশ স্টেট ও টেরিটরিতে আপনাকে একটি COVID-19 পরীক্ষা করতে হবে।

টিকাবিহীন ভ্রমণকারীরা আগত যাত্রীদের সীমার অধীনস্ত এবং তাদেরকে স্টেট ও টেরিটরির আগমনের শর্তাবলী পূরণ করতে হবে। আপনাকে কোয়ারেন্টিনে যেতে হতে পারে। আপনাকে এটি এবং আপনি যে সকল স্টেট ও টেরিটরিতে ট্রানজিট ও ভ্রমণ করবেন তার অন্য যেকোনো শর্তাবলী পরীক্ষা করতে হবে।

অস্ট্রেলিয়ায় ট্রানজিট নেওয়া

72 ঘণ্টা বা কম সময়ের জন্য ট্রানজিট

অস্ট্রেলিয়া হয়ে ট্রানজিটের মাধ্যমে যাতায়াত করতে চাইলে ভ্রমণকারীদের **অবশ্যই** একটি লাল জোনের ফ্লাইটের অগ্রিম টিকিট সংগ্রহ করতে সক্ষম হতে হবে যা প্রাথমিকভাবে প্রবেশের 72 ঘণ্টার মধ্যেই অস্ট্রেলিয়া ছেড়ে যাবে। যদি কোনো উপযুক্ত কানেক্টিং ফ্লাইট না পাওয়া যায় তবে অস্ট্রেলিয়ার মাধ্যমে ট্রানজিট সম্ভব হবে **না**।

72 ঘণ্টা বা তার কম সময়ের জন্য ট্রানজিট করার সময় আপনাকে ভ্রমণ অব্যাহতির জন্য আবেদন করতে হবে **না**।

ভিসার জন্য যা যা প্রয়োজন

অস্ট্রেলিয়ায় ট্রানজিট করতে হলে আপনার অবশ্যই একটি বৈধ ভিসা থাকতে হবে অথবা আপনাকে ভিসা ছাড়া ট্রানজিট (TWOV) সুবিধা পাওয়া কোনো দেশ থেকে আসতে হবে।

আপনার যদি বৈধ ভিসা না থাকে বা TWOV-এর জন্য যোগ্য না হন, তবে অস্ট্রেলিয়ায় প্রবেশ করার জন্য আপনাকে অবশ্যই একটি ভিসার জন্য আবেদন করতে হবে। সর্বোচ্চ 72 ঘণ্টার জন্য অস্ট্রেলিয়ায় ট্রানজিট করতে ট্রানজিট ভিসা (সাব-ক্লাস 771)-এর জন্য আবেদন করুন।

COVID-19 পরীক্ষা করা

অস্ট্রেলিয়ায় ট্রানজিট করার জন্য আপনার একটি নেগেটিভ ফলাফলের COVID-19 পরীক্ষা লাগবে। আরও তথ্যের জন্য টিকা গ্রহণ ও পরীক্ষা করা দেখুন।

ডিজিটাল যাত্রী ঘোষণা

আপনি আপনার ফ্লাইটের সাত দিন আগে আপনার ডিজিটাল যাত্রী ঘোষণা (DPD) শুরু করতে পারেন এবং অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে যাত্রার 72 ঘণ্টার মধ্যে জমা দিতে পারেন।

DPD সংকটপূর্ণ স্বাস্থ্য বিষয়ক তথ্য চায়। এই তথ্য প্রদান একটি বাধ্যতামূলক শর্ত। এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আপনি বিমানবন্দরে বা অস্ট্রেলিয়ায় পৌঁছালে অপ্রয়োজনীয় বিলম্বের মুখোমুখি হচ্ছেন না। আরও তথ্যের জন্য দেখুন: DPD।

স্টেট ও টেরিটরির শর্তাবলী

আপনি যে স্টেট বা টেরিটরিতে পৌঁছাবেন তার ট্রানজিট শর্তাবলী অবশ্যই আপনাকে অনুসরণ করতে হবে। **টিকাবিহীন ভ্রমণকারীরা আগত যাত্রীদের সীমার অধীনস্ত এবং তাদেরকে স্টেট ও টেরিটরির আগমনের শর্তাবলী পূরণ করতে হবে।**

আপনি আপনার পরবর্তী ফ্লাইটের জন্য অপেক্ষা করাকালীন, আপনাকে হোটেলে থাকতে হতে পারে এবং আপনাকে আপনার অবস্থানের ব্যয়ভার বহন করতে বলা হতে পারে। আরও তথ্যের জন্য স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী দেখুন।

72 ঘণ্টার বেশি

আপনাকে যদি কানেক্টিং ফ্লাইটের জন্য 72 ঘণ্টার বেশি সময় অস্ট্রেলিয়ায় অপেক্ষা করতে হয়, তবে আপনাকে অস্ট্রেলিয়ায় ট্রানজিট করছেন বলে **বিবেচনা করা হবে না**।

আপনাকে তাহলে অবশ্যই অস্ট্রেলিয়ায় প্রবেশের অন্যান্য সকল শর্তাবলী পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে COVID-19 টিকা গ্রহণ ও পরীক্ষা করার শর্তাবলী, অভিবাসন, কাস্টমস বায়োসিকিউরিটি অনুমতিপত্র এবং বাধ্যতামূলক স্বাস্থ্য ঘোষণা। আরও তথ্যের জন্য সীমান্ত অতিক্রম করা দেখুন।

আপনাকে স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলীও পূরণ করতে হবে।